2000

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ১৭১-আইন/২০০৯, তাং ৩০-০৬-২০০৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে আষাঢ়, ১৪০৭ বাং/৩রা জুলাই ২০০০ ইং।

এস,আর,ও নং ২০২-আইন/২০০০ ।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১২ই শ্রাবণ ১৪০৬/২৭শে জুলাই ১৯৯৯ তারিখের এস,আর,ও নং ২২১-আইন/৯৯ দ্বারা জারীকৃত প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) চতুর্থ পংক্তিতে "মিনিবাস," শব্দ ও কমার পর "ট্যাক্সি ক্যাব" শব্দ ও কমা সন্নিবেশিত হইবে;

(খ) দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১) যদি উক্ত করদাতা বাস, মিনিবাস, ট্যাক্সিক্যাব, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন, তাহা হইলে, দফা (২) এর বিধানাবলী সাপেক্ষে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথাঃ-

প্রদেয় আয়কর–

(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য টাকা ৫০০০.০০

(খ) ৫২ বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য টাকা ৪০০০.০০

(গ) তাপানুকূল বাস বা দোতালা বাস প্রতিটির জন্য টাকা ৪৫০০.০০

(ঘ) তাপানুকূল বা তাপানুকূল ছাড়া যে কোন মিনিবাস বা কোস্টার প্রতিটির জন্য টাকা ২৭০০.০০

(ঙ) শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সিক্যাব প্রতিটির জন্য টাকা ৩৫০০.০০

(চ) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ ট্যাক্সিক্যাব প্রতিটির জন্য টাকা ২৫০০.০০

(ছ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য টাকা ৫০০০.০০

(জ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য টাকা ৪০০০.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

(ঝ) দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য টাকা ২,৫০০.০০

(ঞ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিকআপ ভ্যান ও সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য টাকা ৭৫০.০০"

(গ) দফা (৩) এর "শতকরা একশত পঁচিশ" শব্দগুলির পরিবর্তে "শতকরা দুইশত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) দফা (৫) এর "মিনিবাস," শব্দ ও কমার পর "ট্যাক্সিক্যাব," শব্দ ও কমা সন্নিবেশিত হইবে;

(ঙ) দফা (৭) এর "মিনিবাস," শব্দ ও কমার পর "ট্যাক্সিক্যাব," শব্দ ও কমা সন্নিবেশিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
ফারুক আহমদ সিদ্দিকী
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ২৩৪ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 202/2000 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner
2 / 2